

তারিখঃ ০৯-০২-২০২৪ (পৃঃ ১৩)

সিন্ডিকেট ধ্বংসের প্রক্রিয়া উদ্ভাবন করেছেন কৃষিমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুস শহীদ বলেছেন, সিন্ডিকেট বলতে কিছু থাকলে তা কীভাবে ধ্বংস করা যায়, তার জন্য প্রক্রিয়া কী, সেটা উদ্ভাবন করে ইতোমধ্যে তারা কাজ শুরু করেছেন।

বৃহস্পতিবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালায় তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, 'হাটবাজারে যারা মজুতদারি করেন তাদের অনুরোধ করব, তারা যেন এ হারাম ব্যবসা না করেন। অনুরোধ করি, রমজান মাসে যাতে আমরা সুন্দরভাবে সিয়াম সাধনা করতে পারি, সেজন্য সবাই সহযোগিতা করবেন।'

ব্রির মহাপরিচালক শাহজাহান কবীরের সভাপতিত্বে কর্মশালায় আরও বক্তব্য দেন কৃষি সচিব ওয়াহিদা আক্তার, কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার প্রমুখ।

তারিখঃ ০৯-০২-২০২৪ (পৃঃ ২০,১৯)

বাজারে সিডিকেট ভাঙার প্রক্রিয়া উদ্ভাবন করেছি ॥ কৃষিমন্ত্রী

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥
কৃষিমন্ত্রী মো. আব্দুস শহীদ বলেছেন, আমাদের দেশের অর্থনীতির ৮০ ভাগ নির্ভর করে কৃষির ওপর। কৃষিকে সেভাবে সাজিয়ে তুলতে পারলে আমাদের অভাব থাকবে না। বৃহস্পতিবার সকালে মন্ত্রী গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালায় যোগ দিতে এসে (১৯ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

বাজারে সিডিকেট

(২০-এর পৃষ্ঠার পর)

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে এ কথা বলেন।

তিনি বলেন, যে জাতি এগিয়েছে তারা গবেষণার মাধ্যমেই এগিয়েছে। আমাদের ধান গবেষণা ইনস্টিটিউট একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। এখানে আমাদের কৃষি বিজ্ঞানীরা গবেষণার কাজ করে যাচ্ছেন। প্রধানমন্ত্রীও গবেষণা কাজে জোর দিতে বলেছেন। মন্ত্রী নিজে একজন চাষী পরিচয় দিয়ে বলেন, চাষাবাদ করলে যে ফল পাওয়া যায় বা উৎপাদন পাওয়া যায়, এটার চেয়ে আনন্দ বেশি কিছু হতে পারে না। আমাদের বিজ্ঞানীরা একেকটা ভ্যারাইটি আবিষ্কার করে যাচ্ছেন। এ থেকে বিশ্বকে বুঝিয়ে দেওয়ার সুযোগ এবং যোগ্যতা হয়েছে যে বাংলাদেশও পারে।

পরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) সাত দিনব্যাপী 'বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২২-২৩'র উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধান অতিথির বক্তব্য রাখেন কৃষিমন্ত্রী। ব্রি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার।